**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/19/2022 **গভর্নর ক্যাথি হোকল**

**লং আইল্যান্ডের পরিবারগুলোকে সহায়তা করার জন্য2023 অর্থবছরে বাজেটে বিনিয়োগ সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা**

***এর মধ্যে রয়েছে লং আইল্যান্ডের অর্থনীতিকে শক্তিশালী করার জন্য 350 মিলিয়ন ডলারের বিনিয়োগ***

***উপকূলীয় বায়ুশক্তি উন্নয়নের জন্য 500 মিলিয়ন ডলার***

***লং আইল্যান্ডে স্কুল সহায়তা 457.6 মিলিয়ন ডলার বৃদ্ধি***

***লং আইল্যান্ড অঞ্চলে আবাসন সহায়তা, কমিউনিটি পুনরুজ্জীবিতকরণ সংক্রান্ত ক্রিয়াকলাপ, ও ভাড়া-সংক্রান্ত ভর্তুকি প্রদান করে এমন কমিউনিটি-ভিত্তিক অলাভজনক গ্রুপগুলোকে সহায়তার জন্য প্রায় 1 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে***

***প্রপার্টি ট্যাক্স পরিশোধকারী প্রায় 494,000 পরিবারের কাছে রিলিফ পৌঁছে দেয়ার জন্য বাড়ির মালিকের কর ছাড় ক্রেডিট তৈরি করা হয়েছে***

***লং আইল্যান্ডে আসক্তি সংক্রান্ত চিকিৎসা, আরোগ্যলাভ ও প্রতিরোধের ক্ষেত্রে সহায়তার জন্য আনুমানিক 63 মিলিয়ন ডলার প্রদান করা হচ্ছে***

***লং আইল্যান্ড অঞ্চলের মধ্যে জোসেফ পি. ডইয়ার ভেটেরান পিয়ার-টু-পিয়ার পরিষেবা কর্মসূচির অর্থায়নের জন্য প্রায় 370,000 ডলার বরাদ্দ করা হয়েছে***

গভর্নর ক্যাথি হোকল আজ লং আইল্যান্ডের পরিবারগুলোকে সহায়তা করার উদ্দেশ্যে 2023 অর্থবছরের বাজেটের আঞ্চলিক বিনিয়োগসমূহ সম্পর্কে ঘোষণা দিয়েছেন। গভর্নর হোকলের 2023 অর্থবছরের এই ঐতিহাসিক বাজেটে নিউ ইয়র্কের দীর্ঘমেয়াদী ভবিষ্যতের জন্য বিনিয়োগ করতে সাহসী ভিশনের সাথে আর্থিক দায়িত্বশীলতার সম্মিলন ঘটেছে। নিউ ইয়র্কবাসীদের জন্য বিনিয়োগ করার সুযোগ পূরণ করার এই ব্লুপ্রিন্টে স্বাস্থ্যসেবা পুনর্নির্মাণ, ভবিষ্যতের শিক্ষা ব্যবস্থা নির্মাণ, যাদের সবচেয়ে বেশি প্রয়োজন তাদের জন্য করের বোঝা কমানো, স্টেটের পরিবহন ও আবাসন অবকাঠামো উন্নয়ন, জলবায়ু পরিবর্তন মোকাবেলা, কর্মসংস্থান সৃষ্টি, এবং জন নিরাপত্তা ও সরকারে নৈতিকতা উন্নয়ন ইত্যাদির প্রতি সবচেয়ে বেশি জোর দেওয়া হয়েছে।

"আমাদের 221 বিলিয়ন ডলারের এই রূপান্তরমূলক বাজেটের মাধ্যমে আমরা দেখিয়ে দিচ্ছি যে আমরা নিউ ইয়র্কবাসীদের সম্মুখীন হওয়া বৃহৎ সমস্যাগুলো মোকাবেলা করার সামর্থ্য রাখি, এবং বর্তমান সময়ে ও সামনের বছরগুলোতে লং আইল্যান্ডে জনসাধারণের জীবনে একটি সত্যিকারের পার্থক্য তৈরি করবে এমন ঐতিহাসিক বিনিয়োগ ঘোষণা করতে পেরে আমি গর্বিত," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের স্কুলগুলোর জন্য ঐতিহাসিক সহায়তা প্রদান এবং মধ্যবিত্ত শ্রেণির নিউ ইয়র্কবাসীদের কর-সংক্রান্ত রিলিফ প্রদান করা থেকে শুরু করে, স্টেটের ইতিহাসে অবকাঠামোর জন্য সর্ববৃহৎ বিনিয়োগ করা - আমাদের সড়কগুলোতে সমস্যা সৃষ্টিকারী গর্তগুলো ভরাট করা পর্যন্ত - এই বাজেটে লং আইল্যান্ডের বাসিন্দাদের জন্য বড় ধরনের সহায়তা প্রদান করা হচ্ছে। প্রত্যেক নিউ ইয়র্কবাসী "নিউ ইয়র্কের স্বপ্ন" অর্জন করার ন্যায্য সুযোগ পাওয়ার অধিকারী, এবং আমি আরো উন্নত, অধিকতর ন্যায্য, ও আরো বেশি অন্তর্ভুক্তিমূলক নিউ ইয়র্ক স্টেট গড়ে তোলার জন্য এই বাজেটের সহায়তা করার উপায়গুলো বাস্তবায়ন হতে দেখার প্রত্যাশা রাখি।"

**সুনির্দিষ্টভাবে লং আইল্যান্ডের কমিউনিটিগুলোর জন্য 2023 অর্থবছরের বাজেটে জোর দেওয়া আঞ্চলিক বিষয়গুলোর মধ্যে রয়েছে:**

**<u>স্থানীয় সরকার</u>**

- **মিউনিসিপ্যালিটিগুলোর জন্য সহায়তা ও প্রণোদনা প্রদান।** এই বাজেটে এ অঞ্চলের স্থানীয় সরকারগুলোর জন্য সাধারণ সহায়তা হিসেবে 26.2 মিলিয়ন ডলার প্রদান করা হচ্ছে।
- **করদাতাদের সাশ্রয় তৈরি করার জন্য স্থানীয় সরকারগুলোকে একত্রীকরণ**। এই বাজেটে সিটিজেন এমপাওয়ারমেন্ট ট্যাক্স ক্রেডিট (Citizen Empowerment Tax Credit, CETC) কর্মসূচির মাধ্যমে লুপ্ত হওয়া ভিলেজগুলোর অধিবাসী লং আইল্যান্ডের করদাতাদের জন্য 1 মিলিয়ন ডলারের সাশ্রয় প্রদান করা হচ্ছে।

**<u>অর্থনৈতিক উন্নয়ন</u>**

- **লং আইল্যান্ড বিনিয়োগ তহবিল।** এই বাজেটে লং আইল্যান্ড ব্যাপী আঞ্চলিক অর্থনীতিকে ও কমিউনিটিগুলোকে সহায়তা করবে ও সমৃদ্ধ করবে এমন প্রকল্পগুলোর জন্য মূলধন বিনিয়োগে সহায়তা করতে 350 মিলিয়ন ডলার প্রদান করা হচ্ছে।
- **উপকূলীয় বায়ুশক্তি**। নিউ ইয়র্কের উপকূলীয় বায়ুশক্তি বন্দর অবকাঠামো ও সংশ্লিষ্ট সাপ্লাই চেইন উন্নয়নের জন্য 500 মিলিয়ন ডলার বরাদ্দ করা হয়েছে। এই তহবিল উপকূলীয় বায়ুশক্তি শিল্পকে এগিয়ে নেওয়ার জন্য প্রয়োজনীয় অবকাঠামো সরবরাহ করবে, যেখানে 2 বিলিয়ন ডলারেরও বেশি অর্থনৈতিক ক্রিয়াকলাপের সুযোগ তৈরির পাশাপাশি 2,000 এরও বেশি সবুজ কর্মসংস্থান তৈরির জন্য বেসরকারি মূলধন কাজে লাগানো হবে।

- **কোল্ড স্প্রিং হার্বার/স্টোনি ব্রুক AI অংশীদারিত্ব**। কোল্ড স্প্রিং হার্বার ল্যাব (Cold Spring Harbor Lab) ও স্টোনি ব্রুক ইউনিভার্সিটির (Stony Brook University) মধ্যে কৃত্রিম বুদ্ধিমত্তা বিষয়ক একটি অংশীদারিত্ব স্থাপনে সহায়তা করতে 50 মিলিয়ন ডলার বরাদ্দ করা হয়েছে।

## শিক্ষা

- **লং আইল্যান্ডের স্কুলগুলোকে সহায়তা প্রদান**। কোভিড-19 মহামারির কারণে তৈরি হওয়া চলমান চ্যালেঞ্জগুলোর মধ্যে শিক্ষার্থী, শিক্ষক, ও স্কুলগুলোর প্রয়োজন পূরণের জন্য বাড়তি তহবিল প্রদান করার মধ্য দিয়ে নিউ ইয়র্ক স্টেট শিক্ষার প্রতি এর জোরালো অঙ্গীকারাবদ্ধতা অব্যাহত রেখেছে। 2023 অর্থবছরের প্রণীত বাজেটে লং আইল্যান্ডে স্কুল সহায়তা 457.6 মিলিয়ন ডলার (12.7 শতাংশ) বৃদ্ধি করা হয়েছে, যার মধ্যে ফাউন্ডেশন সহায়তা 406.7 মিলিয়ন ডলার (17.1 শতাংশ) বৃদ্ধি করা হয়েছে। এই বৃদ্ধির জন্য তিন বছর মেয়াদী ফাউন্ডেশন সহায়তার পূর্ণাঙ্গ অর্থায়ন ফর্মুলার দ্বিতীয় বছরের সহায়তা ব্যাপক অবদান রেখেছে।

## জ্বালানি ও পরিবেশ

- FY23 এর প্রণীত বাজেটে নিম্নলিখিত স্টেট পার্ক প্রকল্পগুলোর জন্য বাড়তি তহবিল প্রদান অন্তর্ভুক্ত করা হয়েছে:

    o জোন্স বিচ ইস্ট বাথহাউজের (Jones Beach East Bathhouse) নকশার জন্য 5 মিলিয়ন ডলার
    o বেইয়ার্ড কাটিং আর্বোরেটাম ভিজিটর সেন্টারের (Bayard Cutting Arboretum Visitor Center) জন্য 4 মিলিয়ন ডলার
    o মন্টাউক ডাউন্স ক্লাবহাউজ (Montauk Downs Clubhouse) রূপান্তরের জন্য 300,000 ডলার

- FY23 এর প্রণীত বাজেটে নিম্নলিখিত DEC প্রকল্পের জন্য বাড়তি তহবিল প্রদান অন্তর্ভুক্ত করা হয়েছে: o রিভারহেডের রুট 25-এ লোয়ার পেকনিক রিভারে মাছ ধরার অ্যাক্সেস উন্নয়ন। এই উন্নয়ন কাজের মধ্যে সিড়িবিশিষ্ট একটি ক্যানু পোর্টেজ, বোট স্লাইড, হাতে বহন করা বোট লঞ্চ ও পার্কিং লটের উন্নয়ন অন্তর্ভুক্ত রয়েছে।

- EPF-এর সহায়তায় লং আইল্যান্ড পাইন ব্যারেন্স কমিশনের (Long Island Pine Barrens Commission) জন্য 2.5 মিলিয়ন ডলার।
- EPF-এর সহায়তায় পানির গুণমান উন্নয়ন প্রকল্প কর্মসূচির আওতায় সাফোক কাউন্টির জন্য 4.5 মিলিয়ন ডলার এবং নাসাউ কাউন্টির জন্য 5 মিলিয়ন ডলার।

- EPF-এর সহায়তায় স্টোনি ব্রুকে সেন্টার ফর ক্লিন ওয়াটার (Center for Clean Water)-এর জন্য 1 মিলিয়ন ডলার।

## স্বাস্থ্য

- **স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলোতে বিনিয়োগ।** এই প্রণীত বাজেটে সাধারণ জনস্বাস্থ্য কার্যক্রম (অনুচ্ছেদ 6) ভিত্তিক অনুদান বৃদ্ধির জন্য 1.9 মিলিয়ন ডলারের তহবিল অন্তর্ভুক্ত করা হয়েছে -- নাসাউ কাউন্টির জন্য 885,000 ডলার এবং সাফোক কাউন্টির জন্য 970,000 ডলার। এছাড়াও এই প্রণীত বাজেটে স্টেট সহায়তা ভর্তুকির মাধ্যমে জনস্বাস্থ্য খাতের কর্মীদের জন্য বাড়তি সুবিধা প্রদানের ব্যয় পরিশোধের জন্য সকল কাউন্টির জন্য তহবিল বিনিয়োগও অন্তর্ভুক্ত করা হয়েছে, যা কাউন্টিগুলোকে জনস্বাস্থ্য খাতের চাহিদা পূরণের জন্য তাদের কর্মীদের মাত্রা বৃদ্ধির ক্ষেত্রে সহায়তা করবে।

## আবাসন

- **আশেপাশের এলাকা ও গ্রামীণ সংরক্ষণ কর্মসূচি (NPP/ RPP)।** এই প্রণীত বাজেটে লং আইল্যান্ড অঞ্চলে আবাসন সহায়তা, কমিউনিটি পুনরুজ্জীবিতকরণ সংক্রান্ত ক্রিয়াকলাপ, ও ভাড়া-সংক্রান্ত ভর্তুকি প্রদান করে এমন কমিউনিটি-ভিত্তিক অলাভজনক গ্রুপগুলোকে সহায়তা করার জন্য মহল্লা সংরক্ষণ কর্মসূচি (Neighborhood Preservation Program, NPP) এবং গ্রামীণ সংরক্ষণ কর্মসূচির (Rural Preservation Program, RPP) আওতায় 1 মিলিয়ন ডলার বরাদ্দ রাখা হয়েছে।
- **গ্রামীণ ভাড়াটিয়া সহায়তা কর্মসূচি (RRAP)।** এই নির্বাহী বাজেটে গ্রামীণ ভাড়াটিয়া সহায়তা কর্মসূচির (Rural Rental Assistance Program, RRAP) মাধ্যমে লং আইল্যান্ডের গ্রামীণ ভাড়াটিয়াদের জন্য 50টিরও বেশি নিম্ন-আয়ের আবাসিক ইউনিটের জন্য ভাড়াটিয়া সহায়তা প্রদান করা হচ্ছে।

## মানসিক স্বাস্থ্যবিধি

- **আসক্তির চিকিৎসা পরিষেবাগুলোর জন্য সহায়তা।** এই বাজেটে লং আইল্যান্ডে আসক্তি সংক্রান্ত চিকিৎসা, আরোগ্যলাভ ও প্রতিরোধের ক্ষেত্রে সহায়তার জন্য আনুমানিক 63 মিলিয়ন ডলার প্রদান করা হচ্ছে। এই তহবিল আফিমজাত ওষুধের প্রতি আসক্তির চিকিৎসা, আবাসিক চিকিৎসার বেড, বহির্বিভাগের রোগীদের চিকিৎসার ক্লিনিক, প্রতিরোধমূলক কর্মসূচি, আরোগ্যলাভের কমিউনিটি ও প্রচার কেন্দ্রসমূহ, একটি ইয়ুথ ক্লাবহাউজ, একটি সমস্যা সমাধানের সংস্থান কেন্দ্র, জেল-ভিত্তিক চিকিৎসা, এবং স্টেটের পরিচালনাধীন একটি আসক্তি চিকিৎসা কেন্দ্র সহ নানাবিধ কর্মসূচিতে সহায়তা করবে। এসব কর্মসূচি ব্যক্তিগত ও গ্রুপভিত্তিক কাউন্সেলিং, ওষুধের সহায়তা নিয়ে চিকিৎসা, শিক্ষাগত পরিষেবা, কেস ব্যবস্থাপনা, কারিগরি মূল্যায়ন, কর্মসংস্থানের

দক্ষতার প্রশিক্ষণ, কর্মসংস্থানের জন্য প্রস্তুতি, সন্তান লালন-পালনের দক্ষতা, এবং সামাজিক/কমিউনিটি জীবনের দক্ষতা ইত্যাদি সুযোগ-সুবিধা প্রদান করে থাকে।

- **ভেটেরান পিয়ার-টু-পিয়ার পরিষেবা কর্মসূচি।** আত্মহত্যা করা একজন ভেটেরানের স্মৃতির সম্মান রক্ষার্থে নামকরণকৃত জোসেফ পি. ডইয়ার ভেটেরান পিয়ার-টু-পিয়ার পরিষেবা কর্মসূচি (Joseph P. Dwyer Veteran Peer-to-Peer Services Program) পোস্ট ট্রমাটিক স্ট্রেস ডিজঅর্ডার (PTSD), ট্রমাটিক ব্রেন ইনজুরি (TBI), আত্মহত্যার ভাবনা, এবং/অথবা অন্যান্য মানসিক স্বাস্থ্য সংক্রান্ত চ্যালেঞ্জের সম্মুখীন হওয়া ভেটেরানদের জন্য ভেটেরান দ্বারা নন-ক্লিনিক্যাল সহায়তার একটি মডেল বাস্তবায়ন করে থাকে। এই বাজেটে লং আইল্যান্ড অঞ্চলে এই কর্মসূচির অর্থায়নের জন্য আনুমানিক 370,000 ডলার বরাদ্দ করা হয়েছে।

## রাজস্ব সংক্রান্ত পদক্ষেপ ও STAR

- **বাড়ির মালিকের কর ছাড় ক্রেডিট (Homeowner Tax Rebate Credit) প্রদান।** এই বাজেটে নিম্ন- ও মধ্যম-আয়ের উপযুক্ত পরিবারগুলোর জন্য এবং উপযুক্ত প্রবীণদের পরিবারগুলোর জন্য বাড়ির মালিকের কর ছাড় ক্রেডিট নামক একটি নতুন সম্পত্তির কর-সংক্রান্ত রিলিফ ক্রেডিট তৈরি করা হয়েছে। 250,000 ডলারের কম আয়ের প্রাথমিক STAR অব্যাহতি ও ক্রেডিট সুবিধাভোগী ব্যক্তিরা এবং বর্ধিত STAR গ্রহীতারা এই সম্পত্তির কর ছাড় পাওয়ার উপযুক্ত হবেন যেখানে এই বেনিফিট বাড়ির মালিকের বিদ্যমান STAR বেনিফিটের একটি শতকরা পরিমাণ হিসেবে প্রদান করা হবে। লং আইল্যান্ডের বাড়ির মালিকদের জন্য গড় বেনিফিটের পরিমাণ হবে 1,290 ডলার, যা সম্পত্তির কর পরিশোধকারী আনুমানিক 494,000টি পরিবারকে রিলিফ প্রদান করবে।
- **মধ্যবিত্ত শ্রেণির কর ছাড় ত্বরান্বিত করা।** এই বাজেটে মধ্যবিত্ত শ্রেণির কর ছাড় বাস্তবায়নের সময় দুই বছর এগিয়ে আনা হয়েছে, যার সম্পূর্ণ বাস্তবায়ন কর বর্ষ 2025 এর পরিবর্তে কর বর্ষ 2023 থেকে শুরু হবে।
- **উপার্জিত আয়ের কর ক্রেডিট (Earned Income Tax Credit, EITC) এবং ননকাস্টডিয়াল প্যারেন্ট EITC (Noncustodial Parent EITC) বোনাস পেমেন্ট প্রদান।** এই বাজেটে বেনিফিটের পরিমাণ কমপক্ষে 25 ডলার হওয়ার শর্ত সাপেক্ষে কর বর্ষ 2021-এ দাবিকৃত EITC বা ননকাস্টডিয়াল প্যারেন্ট EITC এর 25 শতাংশের সমান এক-কালীন সম্পূরক পেমেন্ট প্রদান করা হবে।
- **এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট (Empire State Child Credit, ESCC) বোনাস পেমেন্ট প্রদান।** এই বাজেটে বেনিফিটের পরিমাণ কমপক্ষে 25 ডলার হওয়ার শর্ত সাপেক্ষে কর বর্ষ 2021-এ দাবিকৃত ESCC এর 25 থেকে 100 শতাংশের সমান এক-কালীন সম্পূরক পেমেন্ট প্রদান করা হবে।

## পরিবহন

- **CHIPS স্থানীয় হাইওয়ে সহায়তা কর্মসূচি:** এই বাজেটে CHIPS কর্মসূচির মাধ্যমে লং আইল্যান্ডের স্থানীয় সড়ক ও সেতুগুলোর জন্য 49.6 মিলিয়ন ডলারের তহবিল প্রদান করা হচ্ছে।
- **PAVE NY স্থানীয় হাইওয়ে সহায়তা কর্মসূচি:** এই বাজেটে PAVE NY কর্মসূচির মাধ্যমে লং আইল্যান্ডের স্থানীয় সড়কগুলোর জন্য 13.7 মিলিয়ন ডলারের তহবিল প্রদান করা হচ্ছে।
- **চরম শীতকালীন আবহাওয়া থেকে পুনরুদ্ধার (Extreme Winter Recovery, EWR):** এই বাজেটে EWR কর্মসূচির মাধ্যমে স্থানীয় সড়ক ও সেতুগুলোর জন্য 9.4 মিলিয়ন ডলারের তহবিল প্রদান করা হচ্ছে।
- **স্টেট টুরিং রুটস (State Touring Routes, STR):** এই বাজেটে STR কর্মসূচির মাধ্যমে স্থানীয় সড়ক ও সেতুগুলোর জন্য 0.3 মিলিয়ন ডলারের তহবিল প্রদান করা হচ্ছে।
- **পেভ আওয়ার পটহোলস (Pave our Potholes, POP):** এই বাজেটে POP কর্মসূচির মাধ্যমে স্থানীয় সড়ক ও সেতুগুলোর জন্য 9.2 মিলিয়ন ডলারের তহবিল প্রদান করা হচ্ছে।
- **সড়ক ও সেতু উন্নয়ন:** এই বাজেটে লং আইল্যান্ড অঞ্চলের সড়ক ও সেতু প্রকল্পগুলোর জন্য নিম্নলিখিত তহবিলসমূহ প্রদান করা হচ্ছে:

    o সাফোক কাউন্টির ব্রুকহ্যাভেন টাউনের বার্নেস রোডের উপরস্থ ওয়েস্টবাউন্ড রুট 27 এর সেতুর ডেক ও স্টিল মেরামতের কাজ সম্পন্ন করার জন্য 6.5 মিলিয়ন ডলার।
    o সাফোক কাউন্টির ব্রুকহ্যাভেন টাউনে রুট 112 থেকে ইয়াপহাঙ্ক এভিনিউ পর্যন্ত লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ে সংলগ্ন পেভমেন্ট নবায়নের জন্য 9.9 মিলিয়ন ডলার।
    o নাসাউ কাউন্টির নর্থ হ্যাম্পস্টেড টাউন ও ওয়েস্টার বে টাউনে কুইন্স/নাসাউ কাউন্টি লাইন থেকে পুরোনো নর্দার্ন বুলেভার্ড, ফরেস্ট ড্রাইভ থেকে গ্লেন কোভ রোড এবং অ্যানাডেল ড্রাইভ থেকে নাসাউ/সাফোক কাউন্টি লাইন পর্যন্ত এবং সাফোক কাউন্টির হান্টিংটন টাউনে নাসাউ/সাফোক কাউন্টি লাইন থেকে হার্বার রোড (রুট 108) পর্যন্ত নর্দান বুলেভার্ড (রুট 25A) সংলগ্ন পেভেমেন্ট নবায়নের জন্য 14.8 মিলিয়ন ডলার।

- **ট্রানজিট কার্যপরিচালনায় সহায়তা:** এই বাজেটে ট্রানজিট কার্যপরিচালনার জন্য সহায়তা বাবদ সাফোক কাউন্টিকে 40.7 মিলিয়ন ডলার এবং নাসাউ কাউন্টিকে 103.4 মিলিয়ন ডলার প্রদান করা হচ্ছে। এদের প্রত্যেকটি আগের বছরের তুলনায় 36% বৃদ্ধি পেয়েছে। এই অঞ্চলটি MTA কার্যক্রম পরিচালনার দ্বারাও প্রভাবিত হবে; MTA ট্রানজিট কার্যপরিচালনার জন্য সহায়তা বাবদ 6.6 বিলিয়ন ডলার বরাদ্দ পাবে। •
- **নন-MTA ট্রানজিট মূলধন সহায়তা:** এই বাজেটে নন-MTA ট্রানজিট মূলধন সহায়তা এক বছরে 35 মিলিয়ন ডলার বৃদ্ধি করা হয়েছে, যার একটি অংশ সাফোক ও নাসাউ উভয় কাউন্টিকে উপকৃত করবে। এছাড়াও এই বাজেটে ট্রানজিট এজেন্সিগুলোর বৈদ্যুতিক বাসে স্থানান্তর হওয়ার ক্ষেত্রে সহায়তা করার জন্য 100 মিলিয়ন ডলারের পাঁচ বছর মেয়াদী মূলধন কর্মসূচির তৃতীয় বছরের জন্য 20 মিলিয়ন ডলার প্রদান করা হচ্ছে।

**সিনেটর টড কামিনস্কি বলেন,** "লং আইল্যান্ডের অধিবাসীরা ভালোভাবে পেভমেন্ট দিয়ে ঢাকা সড়ক ও সাবলীলভাবে গাড়ি চালনার অভিজ্ঞতা পাওয়ার অধিকার রাখেন। লং আইল্যান্ডের প্রায় 500 মাইল দীর্ঘ সড়ক সংস্কার করে সেগুলোকে সর্বোচ্চ মানের অবস্থায় নিয়ে আসার জন্য এবছরের স্টেট বাজেটে ঐতিহাসিক রেকর্ড সৃষ্টিকারী 157 মিলিয়ন ডলারের তহবিল অর্জনের জন্য গভর্নর হোকল এবং আমার আইনপ্রণেতা সহকর্মীদের সঙ্গে কাজ করতে পেরে আমি গর্বিত। গুরুত্বপূর্ণ ব্যাপার হলো আলবানি থেকে আমরা অবকাঠামো বাবদ যত বেশি তহবিল অর্জন করতে সক্ষম হবো, স্থানীয় করদাতাদের উপর করের বোঝা ততটাই লাঘব হয়ে আসবে।"

**সিনেটর জন ই. ব্রুকস বলেন,** "লং আইল্যান্ডের প্রয়োজনগুলোর প্রতিনিধিত্ব করার দায়িত্বকে হালকাভাবে দেখার কোনো সুযোগ নেই, তাই 2023 অর্থবছরের বাজেটে আমাদের অর্জন নিয়ে আমি গর্বিত। এই প্রচেষ্টার ফলে সংগ্রামে লিপ্ত লং আইল্যান্ডবাসীদের জন্য কর-সংক্রান্ত রিলিফ, শিক্ষা তহবিল, ও অন্যান্য বহু কর্মসূচি ও পরিষেবা বাবদ কয়েকশ মিলিয়ন ডলারের সাহায্য ও সহায়তা অর্জন করা সম্ভব হয়েছে। লং আইল্যান্ডের জন্য এবং সার্বিকভাবে নিউ ইয়র্কের জন্য তার অবিচল সমর্থনের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই; এবং আমাদের নাগরিকদের জন্য একটি উন্নত ভবিষ্যত নিশ্চিত করতে আমাদের সম্মিলিত প্রচেষ্টা অব্যাহত থাকবে বলে আমি প্রত্যাশা রাখি।"

**সিনেটর জিম গওগরেন বলেন,** "এবছরের স্টেট বাজেটে রেকর্ড পরিমাণ স্কুল সহায়তা ও অন্যান্য গুরুত্বপূর্ণ প্রকল্প অন্তর্ভুক্ত করা হয়েছে যেমন হান্টিংটন স্টেশনের বাড়ির মালিকদের সিউয়ার সিস্টেমের সাথে সংযোগের ব্যবস্থা করার জন্য 22 মিলিয়ন ডলার বরাদ্দ করা হয়েছে। এসব বিনিয়োগ আমাদের সন্তানদেরকে, আমাদের অর্থনীতিকে, আমাদের অঞ্চলের অবকাঠামোকে, ও পরিবেশকে উপকৃত করবে, এবং আমি লং আইল্যান্ডের প্রতি তার জোরালো সমর্থনের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

**সিনেটর অ্যানা এম. কাপলান বলেন,** "লং আইল্যান্ডবাসী আমাদেরকে আলবানিতে পাঠিয়েছেন ফলাফল নিয়ে আসার জন্য, এবং সম্প্রতি আমরা যে বাজেট সম্পন্ন করেছি সেখানে জন নিরাপত্তার বিষয়টি বিবেচনায় নেওয়া, কর কর্তন, এবং আমাদের স্কুল, সড়ক, আইন প্রয়োগকারী সংস্থা, ও স্বাস্থ্যসেবা খাতের জন্য রেকর্ড পরিমাণ তহবিল বরাদ্দ করার মাধ্যমে ঠিক সেই কাজটিই করা হয়েছে। গভর্নর হোকলের নেতৃত্ব এবং সিনেটের সংখ্যাগরিষ্ঠ অংশে আমার সহকর্মীদের অংশীদারিত্বের সুবাদে লং আইল্যান্ডবাসী উচ্চ কর ও গ্যাসের দাম থেকে সত্যিকারের স্বস্তি লাভ করবেন, আমাদের স্কুলগুলো আমাদের শিশুদের সেরা শিক্ষা প্রদান করতে পারবে, এবং আমরা আমাদের প্রতিবেশীদের সাহায্য করবে এমন কমিউনিটি পরিষেবাগুলোয় বিনিয়োগ করতে এবং আমাদের কমিউনিটিগুলোকে আরো বেশি নিরাপদ ও অধিকতর শক্তিশালী করে তুলতে সক্ষম হবো।"

**সিনেটর কেভিন টমাস বলেন,** "এবছরে স্টেট বাজেটে আমাদের স্কুলগুলোতে, আমাদের কমিউনিটিগুলোতে, এবং কোভিড-19 মহামারি থেকে আমাদের স্টেটের পুনরুদ্ধার ত্বরান্বিত করার প্রচেষ্টায় অত্যন্ত গুরুত্বপূর্ণ বিনিয়োগ করা হয়েছে। আমাদের স্কুলগুলোর জন্য ঐতিহাসিক পরিমাণে তহবিল বরাদ্দ করা থেকে শুরু করে আমাদের সড়কগুলো মেরামত করা

পর্যন্ত, সকল ক্ষেত্রে শীর্ষ অগ্রাধিকার হলো সকল নিউ ইয়র্কবাসীর দৈনন্দিন জীবনে পরিমাপযোগ্য উন্নতি সাধন করা। এই বাজেটে আমাদের জন নিরাপত্তা আইনে অর্থপূর্ণ ও উল্লেখযোগ্য পরিবর্তন নিয়ে আসা হয়েছে, যেখানে আগ্নেয়াস্ত্র পাচারের অপরাধকে বিচারের আওতায় আনা সহজতর হয়েছে এবং হেইট ক্রাইম ও ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের সুরক্ষা জোরদার করা হয়েছে। এই বাজেটের আরেকটি অতি গুরুত্বপূর্ণ বিষয় হলো এতে মুদ্রাস্ফীতির বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করতে এবং কঠোর পরিশ্রমী পরিবারগুলোর বোঝা লাঘব করতে মধ্যবিত্ত শ্রেণির জন্য কর-সংক্রান্ত রিলিফ এবং একটি গ্যাস ট্যাক্স হলিডে অন্তর্ভুক্ত করা হয়েছে। আরো বেশি শক্তিশালী, অধিকতর নিরাপদ, আরো বেশি সমৃদ্ধ নিউ ইয়র্ক স্টেট তৈরির জন্য একসঙ্গে কাজ করার জন্য আমি গভর্নর হোকল এবং আমার আইনপ্রণেতা সহকর্মীদের ধন্যবাদ জানাই।"

**অ্যাসেম্বলি সদস্য স্টিভ ইংলেব্রাইট বলেন,** "আমি অত্যন্ত আনন্দিত যে এই বাজেট লং আইল্যান্ডের বোঝা ভারাক্রান্ত বাড়ির মালিকদের কর-সংক্রান্ত রিলিফ প্রদান করবে। গ্যাস পাম্পে ছাড় প্রদান, আয়কর কর্তন, এবং সম্পত্তি সংক্রান্ত রিলিফ প্রদান এর সবগুলোই অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেইসাথে, আমাদের স্কুলগুলোর জন্য রেকর্ড পরিমাণ স্টেট সহায়তা সম্পত্তির করের বোঝা কমাতে সাহায্য করবে। লং আইল্যান্ডের এসব অগ্রাধিকারমূলক বিষয়ের জন্য লড়াই চালিয়ে যাওয়ায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই।"

**অ্যাসেম্বলি সদস্য ফ্রেড থিয়েলি বলেন,** "উচ্চ পরিমাণে সম্পত্তির করের বোঝা ভারাক্রান্ত বাড়ির মালিকদের রিলিফ প্রদানের জন্য গুরুত্বপূর্ণ বিনিয়োগ এবং সরাসরি শ্রেণিকক্ষে ব্যয় হবে এমন ঐতিহাসিক পরিমাণ স্কুল সহায়তা তহবিল বরাদ্দ করার মধ্য দিয়ে, এবছরের প্রণীত বাজেট সবার জন্য অধিকতর শক্তিশালী ও আরো বেশি সাশ্রয়ী একটি লং আইল্যান্ড গড়ে তোলার সুযোগ তৈরি করেছে। আমি গর্বিত যে এই বাজেট আমাদের কমিউনিটির সবচেয়ে বেশি দরকারি প্রয়োজনগুলো পূরণ করছে এবং সামনের বছরগুলোতেও তা অব্যাহত রাখবে।"

**অ্যাসেম্বলি সদস্য ফিল রামোস বলেন,** "দুই বছরের বেশি সময় ধরে কোভিড-19 এর বিরুদ্ধে লড়াই করার চ্যালেঞ্জ উত্তরণের পর, লং আইল্যান্ডের পরিবারগুলো নিত্য প্রয়োজনীয় দ্রব্য যেমন মুদি সামগ্রী ও গ্যাসের দাম বৃদ্ধির সমস্যার সম্মুখীন হয়েছে। স্থানীয় পরিবারগুলোর জন্য অতি প্রয়োজনীয় রিলিফ প্রদান করাটা বাজেটে আমার অন্যতম শীর্ষ অগ্রাধিকার ছিল, এবং স্টেটের চূড়ান্ত ব্যয় পরিকল্পনায় একটি সাহসী ব্যয়-সাশ্রয়ী এজেন্ডা এগিয়ে নেওয়া হয়েছে। নিউ ইয়র্কবাসীদেরকে তাদের কষ্টার্জিত অর্থের আরো বেশি অংশ নিজেদের কাছে রাখতে সাহায্য করা থেকে শুরু করে স্কুল সহায়তা উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি করা এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে সহায়তা করা পর্যন্ত সকল ক্ষেত্রে, 2022-23 অর্থবছরের স্টেট বাজেটে কর্মজীবী পরিবারগুলোর কথা সবার আগে বিবেচনা করা হয়েছে।"

**অ্যাসেম্বলি সদস্য মাইকেল সোলাগেস বলেন,** "এই বাজেট লং আইল্যান্ডের আঞ্চলিক অর্থনীতিতে এবং আমাদের সামাজিক অবকাঠামোতে গুরুত্বপূর্ণ বিনিয়োগ করছে। আমি এবং অ্যাসেম্বলিতে সংখ্যাগরিষ্ঠ লং আইল্যান্ড ডেলিগেশনে আমার সহকর্মীরা আমাদের কমিউনিটিগুলোর মৌলিক প্রয়োজনগুলোর প্রতি বেশি মনোযোগী হয়েছি। আমরা আমাদের স্থানীয় কর দাতাদের বোঝা লাঘব করার ক্ষেত্রে সাহায্য করতে আমাদের পাবলিক স্কুলগুলোর

জন্য বর্ধিত বিনিয়োগ অর্জন করেছি, অধিবাসী সম্পত্তি মালিকদের জন্য বাড়ির মালিকের কর ছাড়ের কর্মসূচি নিয়ে এসেছি, এবং ঋণের কারণে সম্পত্তি দখলের সমস্যা মোকাবেলায় সাহায্য করতে বাড়ির মালিকের সুরক্ষা কর্মসূচি সমৃদ্ধ করেছি। এগুলো এবছরের বাজেটের বহু অর্জনের মধ্যে কয়েকটি মাত্র, এবং আমি গভর্নর হোকল এবং সিনেটে লং আইল্যান্ডের সংখ্যাগরিষ্ঠ অংশকে লং আইল্যান্ডবাসীর সমর্থনে পাশে দাঁড়ানোর জন্য ধন্যবাদ জানাই।"

**অ্যাসেম্বলি সদস্য টেলর ডার্লিং বলেন,** "2023 অর্থবছরের জন্য এবছরের বাজেট নিয়ে সমঝোতায় পৌঁছানো বেশ কঠিন ছিল। আমি গর্বিত যে সবশেষে, আমি ও আমার সহকর্মীরা কয়েক মিলিয়ন ডলারের তহবিল অর্জন করতে সক্ষম হয়েছি। আমাদের লং আইল্যান্ডের কমিউনিটিগুলোর সম্মুখীন হওয়া বহু সমস্যা এই বাজেটে মোকাবেলা করা হয়েছে। বাজেটের যে বিষয়গুলো নিয়ে আমি সবচেয়ে বেশি গর্বিত সেগুলো হলো আমাদের লং আইল্যান্ডের শিক্ষার্থীদের জন্য স্কুল সহায়তার পরিমাণ 457.6 মিলিয়ন ডলার বৃদ্ধি করা, লং আইল্যান্ডে আবাসন সহায়তা, কমিউনিটি পুনরুজ্জীবিতকরণ সংক্রান্ত ক্রিয়াকলাপ, ও ভাড়া-সংক্রান্ত ভর্তুকি প্রদান করে এমন কমিউনিটি-ভিত্তিক অলাভজনক সংস্থাগুলোর জন্য সহায়তা, এবং সম্পত্তির কর পরিশোধকারী আনুমানিক 494,000টি পরিবারের জন্য বাড়ির মালিকের কর ছাড় ক্রেডিট তৈরি করা৷ এটি সুস্পষ্ট যে গভর্নর হোকল আমাদের শিশুদের এবং লং আইল্যান্ডের কঠোর পরিশ্রমী লোকজনকে অগ্রাধিকার দিচ্ছেন। সর্বদা অগ্রগামী।"

**অ্যাসেম্বলি সদস্য জুডি গ্রিফিন বলেন,** "আমি অত্যন্ত গর্বিত যে আমাদের নতুন স্টেট বাজেট কর-সংক্রান্ত ত্বরান্বিত রিলিফ প্রদান করার পাশাপাশি 21তম অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টের দক্ষিণ-পশ্চিম নাসাউ কাউন্টির কমিউনিটিগুলোর ভবিষ্যতের জন্য অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ করার মাধ্যমে লং আইল্যান্ডের পরিবারগুলোর জন্য সহায়তা প্রদান করছে। লং আইল্যান্ডের প্রতিনিধিদের সমর্থন এবং লং আইল্যান্ডের প্রতি মনোযোগ দেওয়ার জন্য গভর্নর হোকলের সদিচ্ছার কল্যাণে, আমরা একটি বৈশ্বিক অস্থিতিশীল অবস্থার মধ্যে আমাদের কঠোর পরিশ্রমী অধিবাসীদের অধিকতর সাশ্রয় করতে পারার বিষয়টি নিশ্চিত করেছি এবং একটি নতুন গ্যাস ট্যাক্স হলিডে, মধ্যবিত্ত শ্রেণির জন্য ত্বরান্বিত কর কর্তন, বাড়ির মালিকের সম্পত্তির কর ছাড়, ছোটখাট বাড়ির মালিকদের জন্য সহায়তা, এবং অ্যাপার্টমেন্টে বসবাসকারী পরিবারগুলোর জন্য ভাড়াটিয়া ভর্তুকি প্রদানের মাধ্যমে অতি প্রয়োজনীয় রিলিফ সরবরাহ করছি। শিক্ষা ও পরিবেশগত অবকাঠামোর জন্য টানা কয়েক বছর ব্যাপী রেকর্ড পরিমাণ অনুদান প্রদান লং আইল্যান্ডের দুইটি বৃহৎ সম্পদ - অসাধারণ পাবলিক স্কুল এবং আমাদের সমৃদ্ধ প্রাকৃতিক সম্পদ - পরবর্তী প্রজন্মের জন্য টিকে থাকা নিশ্চিত করবে এবং বেশিরভাগ পরিবারের সবচেয়ে বড় সম্পদ: তাদের বাড়ি সুরক্ষিত রাখবে। আমরা ব্যাপক অপিওয়েড সংকট মোকাবেলার জন্য আসক্তি-সংক্রান্ত চিকিৎসা, আরোগ্যলাভ, ও প্রতিরোধের জন্য, এবং একই সাথে লং আইল্যান্ডে আমাদের বীরোচিত ভেটেরানদের PTSD, আসক্তি, ও মানসিক স্বাস্থ্য সমস্যাগুলোর ব্যাপারে সহায়তা করার জন্য জোসেফ পি. ডইয়ার ভেটেরান পিয়ার-টু-পিয়ার পরিষেবা কর্মসূচিতে অর্থায়নের জন্য বহু মিলিয়ন ডলার বরাদ্দ করছি। তার বর্তমান অবদানের জন্য এবং লং আইল্যান্ডকে অগ্রাধিকার প্রদানের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন